“যে ব্যক্তি জোহরের পূর্বে চার রাকাত এবং তার পরে চার রাকাত সালাত রীতিমত আদায় করবে তার উপর আল্লাহ জাহান্নাম হারাম করে দিবেন”।

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের স্ত্রী উম্মে হাবীবাহ রাদিয়াল্লাহু আনহা
হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: “যে ব্যক্তি জোহরের পূর্বে চার রাকাত এবং তার পরে চার রাকাত সালাত রীতিমত
আদায় করবে তার উপর আল্লাহ জাহান্নাম হারাম করে দিবেন”। [সহীহ] [এটি আবূ দাউদ, তিরমিযী, নাসায়ী, ইবনে মাজাহ ও আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম যে ব্যক্তি যুহরের সালাতের পূর্বে চার রাকাত এবং পরে চার রাকাত নফল আদায় করবে এবং তা নিয়মিত চালিয়ে যাবে তার উপর আল্লাহ জাহান্নাম হারাম করে দিবেন মর্মে সু-সংবাদ দিয়েছেন।

https://www.sunnah.global/hadeeth/bn/show/11251